

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/১ জুন, ২০১৭ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৪৪-আইন/২০১৭/৩০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, উক্ত Act এর THIRD SCHEDEULE এর item 17 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ সংশোধন করিল,
যথা:-

উপরিউক্ত বিধিমালার-

(ক) বিধি ৪ এর প্রান্তিক্ষিত দাঢ়ি (।) এর পরিবর্তে কোলন (:) প্রতিস্থাপিত হইবে, অতঃপর নিম্নরূপ শর্তাংশ সংযোজিত হইবে, যথা:-

“তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা একজন যাত্রী এক পঞ্জিকা বৎসরে ৩ (তিনি) বারের অধিক প্রাপ্ত হইবেন না।”;

(খ) তফসিল-২ এ উল্লিখিত “শুল্ক-কর আরোপযোগ্য পণ্যের সংক্ষিপ্ত তালিকা” এর অনুচ্ছেদ (ঘ) এর টেবিলের কলাম (১) এর-

(অ) ক্রমিক ১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ ক্রমিক ১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে,
যথা:-

“১। Plasma, LCD, TFT, LED ও

অনুরূপ প্রযুক্তির টেলিভিশন

(ক) ৩০" - ৩৬" পর্যন্ত	১০,০০০/- টাকা
(খ) ৩৭" - ৪২" পর্যন্ত	২০,০০০/- টাকা
(গ) ৪৩" - ৪৬" পর্যন্ত	৩০,০০০/- টাকা
(ঘ) ৪৭" - ৫২" পর্যন্ত	৫০,০০০/- টাকা
(ঙ) ৫৩" - ৬৫" পর্যন্ত	৭০,০০০/- টাকা
(চ) ৬৬" থেকে তদূর্ধৰ	৯০,০০০/- টাকা”;

(আ) ক্রমিক ১১ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে;

(গ) তফসিল-৩ এ উল্লিখিত “শুল্ক ও কর মুক্ত পণ্যের তালিকা” এর -

(অ) ক্রমিক ২০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নবর্ণিত ক্রমিক ২০ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“ ২০	২৯" পর্যন্ত Plasma, LCD, TFT, LED অনুরূপ প্রযুক্তির টেলিভিশন এবং Cathod Ray Tube (CRT) সাদাকালো/রঙিন টেলিভিশন;	”; এবং
------	--	--------

(আ) ক্রমিক ২৫ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহের পর নিম্নরূপ নৃতন ক্রমিক ২৬ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ সংযোজিত হইবে, যথা:-

“ ২৬	সর্বোচ্চ ১৫ বর্গমিটার আয়তন বিশিষ্ট একটি কাপেটি । ”।
------	--

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান